

বাড়িতে আপনার নিরাপদ বোধ করার

অধিকার রয়েছে



Queensland
Government

অস্ট্রেলিয়ায় ঘরোয়া ও পারিবারিক
সহিংসতা গ্রহণযোগ্য নয়।
আপনি কে বা কোথা থেকে এসেছেন
তা বিবেচ্য নয়, বাসায় ও পারিবারিক
সহিংসতা যেকোনো ব্যক্তিকে প্রভাবিত
করতে পারে এবং সকল কমিউনিটিতেই
তা বিদ্যমান রয়েছে।

আপনি যদি সহিংস পরিবেশে বাস
করেন বা বাড়িতে ভয়ে ভয়ে থাকেন,
তবে এটি আপনার ভুল নয়। আপনার
লজ্জিত বা বিরত হওয়ার প্রয়োজন
নেই।

একটি সুস্থ সম্পর্ক হলো আস্থাশীল,
সহায়তামূলক ও নিরাপদ।
কেহই তাদের পরিবারের কারো দ্বারা
ভীত হওয়া উচিত নয়।

সহায়তা পাওয়া যায়। আপনি নিরাপদ
বোধ না করলে সহায়তা চাইতে পারেন।
আপনার সহায়তা প্রয়োজন হলে,
যোগাযোগ করুন:

জরুরি (পুলিশ বা অ্যাম্বুলেন্স) তিনটি শূন্য
(000)

যদি কেউ সরাসরি বিপদে পড়েন।

নারীদের জন্য 24 ঘন্টা

হেল্প লাইন (DV Connect) 1800 811 811

বাসায় নির্ধাতনের সম্মুখীন হওয়া যেকোনো
নারীর জন্য বিনামূল্যে ও গোপনীয়
পরামর্শ ও সহায়তা।

অভিবাসী নারীদের সহায়তা পরিষেবা

07 3846 3490

ইংরেজি ভাষায় কথা বলেন না এমন
নারীদের জন্য কাউন্সেলিং ও পরামর্শ।

পুরুষদের জন্য হেল্প লাইন (DVConnect)

1800 600 636

সম্পর্ক ও পারিবারিক সমস্যার সম্মুখীন
হওয়া পুরুষদের জন্য ব্যক্তিগত সহায়তা।

লাইফলাইন

131 114

দিনে বা রাতে যেকোনো সময় আপনি
যদি ব্যক্তিগত কোনো সমস্যায় পড়েন তবে
সহায়তা।



আপনার নিজস্ব ভাষায় একজন
দোভাষীর সহায়তা পেতে
137468 নম্বরে কল করুন।

ঘরোয়া ও পারিবারিক সহিংসতার
ক্ষেত্রে সংস্কৃতি কখনোই দায়ী নয়।

www.qld.gov.au/domesticviolence

পারস্পরিক সম্পর্কে থাকা একজন ব্যক্তি যখন অন্য ব্যক্তিকে নিয়ন্ত্রণ করতে, নির্যাতন করতে বা ভয় দেখাতে তার ক্ষমতা প্রয়োগ করে, তখন ঘরোয়া ও পারিবারিক নির্যাতনের ঘটনা ঘটে থাকে। এটি অনেকভাবে ঘটে থাকে এবং সবচেয়ে সাধারণভাবে ঘটে থাকে পরিবার বা বাড়ির অভ্যন্তরীণ সম্পর্কগুলোর মধ্যে।

আপনার সঙ্গী, পরিবারের সদস্য বা আপনার দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কি নিম্নে উল্লেখিত কোনো ধরনের নির্যাতন করে থাকেন বা হুমকি দিয়ে থাকেন?

আর্থিক নির্যাতন

- > আপনার অর্জিত বা আপনার অধিকারে থাকা অর্থ কেড়ে নেন (সেন্টারলিস্ক সুবিধাদি)?
- > আপনার বা আপনার সন্তানের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত অর্থ প্রদান করেন না?
- > আপনি যা ক্রয় করেন সেগুলো পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করেন?
- > আপনাকে চাকরি করা থেকে বিরত রাখেন?

শারীরিক নির্যাতন

- > ধাক্কা দেন, আঘাত করেন, হাত দিয়ে আপনার গলা চেপে ধরেন, লাথি মারেন বা আপনার দিকে বিভিন্ন বস্তু ছুঁড়ে মারেন?
- > আপনাকে চিকিৎসকের কাছে নিয়ে যান না বা পর্যাপ্ত খাবার ও পানি দেন না?

যৌন নির্যাতন

- > আপনার অনিচ্ছায় যৌনকর্ম করতে জোর করেন বা চাপ সৃষ্টি করেন (এমনকি বিয়ে করার পরও)?
- > আপনি যদি যৌনকর্ম না করেন তবে আপনাকে ক্ষতি করার হুমকি দেন?

মৌখিক নির্যাতন

- > আপনার প্রতি গালিগালাজ বা আক্রমণাত্মক ভাষা ব্যবহার করেন?
- > হাসি ঠাট্টা করেন, সমালোচনা করেন বা অপমান করেন, বিশেষ করে জনসম্মুখে?

আবেগগত ও মনস্তাত্ত্বিক নির্যাতন

- > আপনাকে মূল্যহীন, লজ্জিত, অসহায়, বঞ্চিত বা ভীত অনুভব করান?
- > আপনাকে, আপনার শিশুদেরকে, পরিবারের সদস্যদেরকে বা পোষা প্রাণীদের শারীরিকভাবে ক্ষতি করার হুমকি দেয়?
- > আপনার পাসপোর্ট আটকে রাখে বা আপনার অস্ট্রেলিয়া থেকে বের করে দেওয়ার হুমকি দেয়?
- > আপনাকে ত্যাগ করার বা আপনার শিশুদেরকে নিয়ে যাওয়ার হুমকি দেয়?
- > আপনি যা পরিধান করেন, দেখেন এবং/অথবা পড়েন সেগুলো নিয়ন্ত্রণ করেন?

সাংস্কৃতিক এবং আধ্যাত্মিক নির্যাতন

- > আপনার সাংস্কৃতিক বা আধ্যাত্মিক বিশ্বাস বা চর্চার কারণে আপনাকে লজ্জা দেন?
- > আপনাকে আপনার পছন্দনীয় ভাষা ব্যবহার করতে এবং সাংস্কৃতিক বা ধর্মীয় অনুষ্ঠানে যেতে বিরত রাখেন?
- > আপনাকে ক্ষতি করার অজুহাত হিসেবে ধর্মীয় বা সাংস্কৃতিক বিশ্বাস ব্যবহার করেন অথবা আপনি করতে চান না এমন কাজ করার জন্য জোর করেন?
- > যৌতুক না দেওয়ার কারণে হুমকি দেন?

সামাজিক নির্যাতন

- > আপনি কোথায় যান, কী দেখেন তা নিয়ন্ত্রণ করেন অথবা আপনাকে ঘরে বন্দি করে রাখেন বা আপনার পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে দেখা করতে বিরত রাখেন?
- > আপনার টেলিফোন কল ও সামাজিক মাধ্যম (যেমন ফেসবুক, ইন্সটাগ্রাম) পর্যবেক্ষণ করেন?
- > আপনি কারও সাথে কথা বললে অধিকার দেখান ও ঈর্ষাপরায়ণ হন?

যদি আপনার সাথে এই ধরনের কোনো ঘটনা ঘটে থাকে, তবে তাকে ঘরোয়া ও পারিবারিক নির্যাতন বলা হয়।